গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
www.doulatkhan.bhola.gov.bd

স্মারক নম্বর: ৩১.১০.০৯২৯.০০০.০১.০০৯.২৪ - ২৩ তারিখ: ০১/০১/২০২৫ খ্রি.

## "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি-২০২৫"

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা জেলাধীন দৌলতখান উপজেলার অনুর্ধ্ব ২০.০০ (বিশ) একর আয়তন বিশিষ্ট ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) সরকারি বন্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ শাখা এর গত ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ- ২).৬৯৪ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ১৪৩২ থেকে ১৪৩৪ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে ( jm lams.gov.bd ) এ সংক্রান্ত নির্দেশিকা 'জলমহাল ইজারা ব্যবস্থাপনা সিস্টেম' অনুযায়ী অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। এ বিষয় বিস্তারিত তথ্যাদি উল্লিখিত ওয়েবসাইটে ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালায়, দৌলতখান, ভোলা হতে পাওয়া যাবে।

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০.০০ (বিশ) একর পর্যন্ত বন্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউল

| ক্র:নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে ১৪৩১ বঙ্গাব্দ/ ১৪ জানুয়ারি থেকে ২৮ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২ | ১৫ মাঘ থেকে ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ জানুয়ারি থেকে ০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান, ভোলাতে দাখিল। |
| ৩ | ২০ মাঘ থেকে ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৩ ফেব্রুয়ারি থেকে ০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/ ১০ ফেব্রুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫ | ০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ ফেব্রুয়ারি থেকে ১০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬ | ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ / ১১মার্চ থেকে ১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭ | ২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৪ মার্চ থেকে ০৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৮ | ০১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/ ১৪ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দে | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

### ০৩ (তিন) বছর মেয়াদী ১৪৩২ বঙ্গাব্দ হতে ১৪৩৪ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালে তালিকা:

| ক্র:নং | জলমহালের নাম | অবস্থান | আয়তন (একরে) | ৫% বর্ধিত হারে ০৩ (তিন) বছরের সরকারি ইজারা মূল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | হালিম সাগর খাস পুকুর | চর বড় লামছিধলী | দাগ নং- ২৬৫<br>জমির পরিমাণ-২.২৯একর | ৩৬,০৬৮/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০২ | মসজিদ সংলগ্ন মিঠা পুকুর | চর বড় লামছিধলী | দাগ নং- ৩০৬<br>জমির পরিমাণ ১.১৫ একর | ১৮,১১৩/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৩ | চক বাজার খাস পুকুর | চর বড় লামছিধলী | দাগ নং- ৩৭১<br>জমির পরিমাণ ১.১৩. একর | ১৭,৭৯৮/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৪ | খলিফা পট্টি মসজিদ | চর বড় লামছিধলী | দাগ নং- ৩৩৩<br>জমির পরিমাণ ১.২৭ একর | ২০,০০৩/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |

## শর্তাবলী

০১। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি সমবায়/ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি/ সংগঠন আবেদন করতে পারবে না।

০২। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবেনা।

০৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি দু'টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত গ্রহণ করতে পারবেন না।

০৪। দরপত্রের সাথে প্রদত্ত দরের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে- অর্ডারের মাধ্যমে (যে কোন তফসিলি ব্যাংক থেকে) উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা বরাবরে দাখিল করতে হবে।

০৫। জলমহাল ইজারা কমিটি কর্তৃক অনুমোদনক্রমে সর্বোচ্চ দরপত্র গ্রহণ করা হবে।

০৬। দরপত্রে উল্লিখিত ইজারা মূল্যের ৫০% অর্থ ইজারা গ্রহণ করার সাথে সাথে জমা দিতে হবে বাকি ৫০% অর্থ ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ৫০% অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭। অনুমোদিত দরদাতাকে সরকারি বিধি মোতাবেক ইজারা মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

০৮। দরদাতা মৎস্যজীবী সমবায় সমিতিগুলোকে অবশ্যই নিবন্ধনকৃত সনদ পত্রের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। দরদাতা মৎস্যজীবী সমবায় সমিতিগুলোর কোন সদস্যের নিকট কোন ঋণ প্রদানকারী সংস্থাকর্তৃক প্রদত্ত ঋণের খেলাপী টাকা পাওনা থাকলে তাদের দরপত্র বিবেচনা করা হবেনা।

১০। জলমহাল ইজারা আবেদন করার ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) নির্দিষ্ট ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে।

১১। ইজারা মূল্যের উপর সংযোজন কর (ভ্যাট ও আয়কর এবং অর্থ আদায়ের পর প্রস্তাবিত ইজরার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বেই ইজারাদার সমিতিকে ৩০০/-(তিনশত) টাকা মূল্যে নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতীত দখল দেয়া যাবে না।

১২। ইজারা গ্রহীতা কর্তৃক কোন প্রকারে জলমহাল সাবলীজ দেয়া যাবে না। সাবলীজ কিংবা ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। জলমহাল সমূহ রক্ষনাবেক্ষনের দায়িত্ব ইজারাদারের এবং জলমহালের কোন প্রকার ক্ষতির জন্য ইজারাদার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

১৪। ইজারার ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভবিষ্যতে প্রযোজ্য সকল নিয়ম-নীতি ইজারাদারের জন্য অবশ্যই পালনীয় হবে।

১৫। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে ইজারাদারের সকল অধিকার বিলুপ্ত হবে।

১৬। পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য জলমহালের উপর মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

১৭। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ বা হিংস্র প্রাণির চাষ করা যাবে না।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯। ইজারা বিজ্ঞপ্তিতে কোন রূপ ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

২।১।২৫

(নিয়তি রাণী কৈরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতখান, ভোলা।

স্মারক নম্বর: ৩১.১০.০৯২৯.০০০.০১.০০৯.২৪ - ৯৩ তারিখ: পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে :

১। জেলা প্রশাসক, ভোলা।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।

৪। সহকারী কমিশনার (ভূমি) উপজেলা সমবায়/ মৎস্য/ কৃষি / সমাজসেবা/ যুব উন্নয়ন / মহিলা বিষয়ক কর্মকর্তা/ অফিসার ইন-চার্জ, দৌলতখান থানা, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৫। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়র নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................... ইউনিয়ন ভূমি অফিস, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়র নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। প্রোগ্রামার, জেলা আইসিটি সেন্টার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। বিজ্ঞপ্তিটি জেলার ওয়য়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৯। সম্পাদক,.............(তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে এক দিনের জন্য ভিতরের পাতায় সাধারণ হরফে ১১ ফন্টে ( সাইজ: ০৪ কলাম X ০৯ ইঞ্চি) ২৪-০১-২০২৫ তারিখের মধ্যে প্রকাশ করে ০৫ টি সৌজন্য কপি এ কার্যালয় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১০। অত্রাফিস নোটিশ বোর্ড।

21/1/25

(নিয়তি রাণী কৈরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী কমিশনার (ভূমি)(অঃ দাঃ)
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতখান, ভোলা